দৈনিক ইনকিলাব

০৯৩
তারিখ 16 FEB 1987
পৃষ্ঠা ... দেশজাস ... ১ ...

শিক্ষা তথ্য ও গবেষণা
ডকুমেন্টেশন কেন্দ্র

# উপজেলা পরিক্রমা

## মনপুরা

ভোলা, ১৫ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।—সাম্পানের ছপ্ ছপ্ দাঁড় টানা শব্দ আর দেশী-বিদেশী জাহাজের হুইসেলের শব্দ মিলে মনে হবে শানাই বাদক আর দক্ষ তবলচির যুদ্ধ চলছে যে দ্বীপে সে দ্বীপের নাম মনপুরা উপজেলা। চারদিক কেবল পানি আর পানি।

মূল ভূখণ্ড থেকে প্রায় ৩০ মাইল দূরে সাগর বক্ষের উত্তাল তরঙ্গে কোন রকম ঠাঁই নিয়ে দাঁড়িয়ে আছে। এ উপজেলার আয়তন ৭৫ বর্গ মাইল। গত আদম শুমারি অনুযায়ী লোকসংখ্যা ৩৩ হাজার ৬শ' ৮০ জন। তন্মধ্যে পুরুষ ১৮ হাজার ৫শ' ৫২ জন।

**শিক্ষা**

এখানে ১টি মাধ্যমিক বিদ্যালয়, ২টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ১টি মাদ্রাসা ও ১২টি ফোরকানীয়া মাদ্রাসা আছে। শতকরা ৯৫ জন মুসলমান, বাকীরা অন্য ধর্মালম্বী।

**কৃষি**

এখানে আউশ, আমন, বোরো উফশী, মশুরী, খেসারী, মুগ, তিল, তিসি, সরিষা, চিনাবাদাম, গম, কাউন প্রভৃতি উৎপাদন হয়ে থাকে। কোন কোন উৎপাদিত ফসল প্রয়োজনের তুলনায় কম। ১০টি সমবায় সমিতি, ৭২টি কৃষি সমবায় সমিতি ও ১টি মহিলা সমবায় সমিতি আছে। ১ হাজার ৬শ' একর একফসলী ও ৩ হাজার ৬শ' একর দো-ফসলী জমি আছে। ১টি খাদ্য গুদাম রয়েছে।

**মৎস্য ও পশুপালন**

এ উপজেলায় ৩ হাজার ৫শ' একর জমিতে ৬টি চিংড়ি চাষ প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৮টি মৎস্য সমবায় সমিতি ও ১টি মৎস্য খামার আছে। মৎস্য শিকার অনেকেরই পেশা।

প্রতি বছর বন্যা এবং জলোচ্ছ্বাসে হাজার হাজার পশু ভেসে যায়। মহিষ, গরু, ছাগল, ভেড়া, হাঁস-মুরগী কমবেশী সকলেই পালন করে থাকে। ১টি মুরগীর খামার আছে।

**যোগাযোগ**

কাঁচা রাস্তা প্রায় ৩০ কিলোমিটার। পাকা রাস্তা নেই। পানি উন্নয়ন বিভাগ ৯ কিলোমিটার বেড়িবাঁধ নির্মাণ করেছে। ২১টি সেতু আছে। গরুর গাড়ী রাস্তা পথের একমাত্র যানবাহন। নৌকা এবং লঞ্চ বাইরের যোগাযোগের মাধ্যম। বর্তমানে একটি জাহাজ মনপুরা, দৌলতখান ও ভোলা সদর হয়ে লক্ষ্মীপুর যাতায়াত করে। ১টি টেলিফোন এক্সচেঞ্জ ও ৪টি ডাকঘর আছে।

**হাট-বাজার**

৩টি মাত্র ইউনিয়নে ১৩টি হাট-বাজার আছে। বিদ্যুৎ কাকে বলে এরা চিনে না। কোন শিল্প প্রতিষ্ঠান নেই। ৭টি ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র আছে। ৮৬টি গভীর ও ২শ' ৭টি অগভীর নলকূপ আছে।